



কারা এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট এর যোগ্য হবেন (Empire State Child Credit)

আপনি এই ক্রেডিট দাবি করতে পারেন, যদি আপনি:

- আপনি নিউ ইয়র্ক স্টেটের পুরো বছরের বাসিন্দা হন বা একজন পুরো বছরের বাসিন্দার সঙ্গে বিবাহিত হন,
- একজন উপযুক্ত সন্তান* থেকে থাকে, এবং
- নিম্নলিখিত শর্তগুলির মধ্যে **একটি** পূরণ করেন:
 - আপনি যুক্তরাষ্ট্রীয় ফর্ম 1040 বা ফর্ম 1040A একটি যুক্তরাষ্ট্রীয় সন্তানের কর ক্রেডিট বা যুক্তরাষ্ট্রীয় অতিরিক্ত সন্তানের কর ক্রেডিট দাবি করেন, **অথবা**
 - আপনি কোনো যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিট দাবি না করে থাকেন ও আপনার সমন্বিত যুক্তরাষ্ট্রীয় সর্বমোট আয় হয়:

দাখিল করার স্থিতি	সমন্বিত যুক্তরাষ্ট্রীয় সর্বমোট আয়
বিবাহিত ও যৌথভাবে বিবরণী দাখিল করছেন	\$110,000 বা তার কম
অবিবাহিত বা পরিবারের প্রধান বা যোগ্য হতে চলা বিধবা(বিপল্লীক)	\$75,000 বা তার কম
বিবাহিত হন ও আলাদাভাবে দাখিল করেন	\$55,000 বা তার কম

*একজন যোগ্য হতে চলা সন্তানের বয়স করবর্ষের 31শে ডিসেম্বর অন্ততঃ চার বছর হওয়া আবশ্যিক এবং তার যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিটের যোগ্য হওয়া আবশ্যিক।

2018 এর জন্য নতুন

করবর্ষ 2018 থেকে শুরু করে আপনি আর আপনার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট গণনা করতে আপনার যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিট বা অতিরিক্ত সন্তানের করের ক্রেডিট ব্যবহার করতে পারবেন না। এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের যোগ্যতা ও ক্রেডিটের রাশি যুক্তরাষ্ট্রীয় Tax Cuts and Jobs Act (ট্যাক্স কাটস অ্যান্ড জবস অ্যাক্ট) (Public Law (জন আইন) 115-97) এর আগে বিদ্যমান যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিটকে ভিত্তি করে করের আইন পরিবর্তন করা হয়েছে। সুতরাং, আপনার এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিট গণনা করতে আপনি করবর্ষ 2017-তে কার্যকর থাকা যুক্তরাষ্ট্রীয় ক্রেডিটের রাশি ও আয়ের নিম্নসীমা প্রয়োগ করবেন।

এই ক্রেডিটের রাশি কত?

আপনি যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিট দাবি করে থাকলে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের রাশি এদের মধ্যে বৃহত্তরটি হবে:



- যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিটের ও অতিরিক্ত সন্তানের করের ক্রেডিটের 33% অংশ (Public Law (জন আইন) 115-97 প্রণীত হওয়ার আগে বিদ্যমান গণনা অনুসারে) যোগ্য হতে চলা সন্তানের প্রতি আরোপযোগ্য হবে, অথবা
- \$100 গুণ যোগ্য হতে চলা সন্তানের সংখ্যা হবে।

আপনি যুক্তরাষ্ট্রীয় সন্তানের করের ক্রেডিট দাবি না করে থাকলেও আপনি উপরে প্রদর্শিত যোগ্যতার অন্য যাবতীয় প্রয়োজনীয়তা পূরণ করে থাকলে এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের রাশি হবে:

- \$100 গুণ যোগ্য হতে চলা সন্তানের সংখ্যা হবে।

পরিচিতির সংখ্যাগুলি

এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের দাবি জানাতে আপনাকে অবশ্যই আপনার দাবিতে তালিকাভুক্ত প্রত্যেক সন্তানের জন্য একটি সঠিক ও বৈধ সোশ্যাল সিকিউরিটি নম্বর (SSN) বা ব্যক্তিগত করতদাতার পরিচিতি সংখ্যা (ITIN) প্রদান করতে হবে। আপনার সন্তানের SSN বা ITIN বিবরণীর নির্ধারিত তারিখের পরে জারি করা হয়ে থাকলে আপনি প্রত্যেক সন্তানের জন্য কেবল \$100 করে দাবি জানাতে পারবেন।

এই ক্রেডিটের আবেদন করতে অথবা আরও জানতে, Form IT-213 (ফর্ম IT-213), Claim for Empire State child credit (এম্পায়ার স্টেট চাইল্ড ক্রেডিটের দাবি), এবং এর নির্দেশিকা দেখুন (কেবল ইংরেজিতেই উপলব্ধ)।

দ্রষ্টব্য: আপনি পুরো-বছরের বাসিন্দা হলে এই ক্রেডিট আপনার বাকি থাকা করের রাশির চেয়ে বেশি হয়ে গেলে অবশিষ্ট অংশ আপনাকে ফেরত দিয়ে দেওয়া হবে।